

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৭৬

১/ বিবিধ

আরবী

من أصبح لا يهم بظلم أحد غفر له ما اجترم
ضعيف جدا

رواه ابن عساكر (1 / 240 / 15) عن بقية بن الوليد عن عمار بن عبد الملك عن أبي بسطام عن أنس بن مالك مرفوعا. قلت: وهذا سند ضعيف جدا، عمار هذا قال الذهبي: " أتى بعجائب، قال الأزدي: متروك الحديث ". وساق له الأزدي هذا الحديث وبقية مدلس وقد عنعنه. والحديث أورده السيوطي في " الجامع " من رواية ابن عساكر عن أنس ورمز له في بعض النسخ بالضعف، وأما المناوي فقال في " الفيض ": " إنه رمز لحسنه ". وهذا لا وجه له ألبيته. وأما في " التيسير " فجرى على الجادة فقال: " وإسناده ضعيف "! ثم ذكر أن ابن عساكر رواه في " تاريخه " من طريق عيينة بن عبد الرحمن عن إسحاق بن مرة عن أنس قلت: وهذه طريق أخرى غير ما قبلها، وقد أخرجها الأزدي كما ذكرته فيما تقدم آنفا، فلا أدري إذا كان ابن عساكر رواه من هذا الوجه أيضا أم هو سهو من المناوي

বাংলা

১৮৭৬। যে এমতাবস্থায় সকাল করল যে, সে কারো উপর অত্যাচার করার চিন্তা করেনি। সে যা অন্যায় করেছিল তাকে তা ক্ষমা করে দেয়া হবে।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনু আসাকির (১৫/২৪০/১) বাকিয়্যাহ ইবনুল অলীদ হতে, তিনি আম্মার ইবনু আব্দুল মালেক হতে, তিনি আবু বিসতাম হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এ আম্মার সম্পর্কে হাফিয় যাহাবী বলেনঃ তিনি আজব আজব বস্তু নিয়ে এসেছেন। আযদী বলেনঃ তিনি মাতরুকুল হাদীস। আযদী তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

আর বাকিয়্যাহ হচ্ছেন মুদাল্লিস বর্ণনাকারী, তিনি আন আন করে বর্ণনা করেছেন।

হাদীসটিকে সুযুতী “আলজামে” গ্রন্থে ইবনু আসাকিরের বর্ণনায় আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন এবং কোন কোন কপিতে দুর্বল হওয়ার চিহ্ন ব্যবহার করেছেন। কিন্তু মানবী "আলফায়েয" গ্রন্থে বলেছেনঃ তিনি হাসান হওয়ার চিহ্ন ব্যবহার করেছেন। তবে তিনি তার “আততাইসীর” গ্রন্থে বলেছেনঃ এর সনদটি দুর্বল।

অতঃপর তিনি উল্লেখ করেছেন যে, হাদীসটিকে ইবনু আসাকির তার "তারীখ" গ্রন্থে ওয়াইনাহ ইবনু আব্দুর রহমান সূত্রে ইসহাক ইবনু মুররাহ হতে, তিনি আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি পূর্বের সূত্র ছাড়া অন্য একটি সূত্র। তবে এটিকে আযদী বর্ণনা করেছেন যেমনটি আমি পূর্বের হাদীসের আলোচনার সময় উল্লেখ করেছি। জানি না ইবনু আসাকির এ সূত্র হতেও বর্ণনা করেছেন নাকি মানবী ভুল করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72759>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন